গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

**জুলাই/২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ০৩ আগস্ট, ২০২২ |
| সভার সময় | দুপুর ২ঃ৩০ ঘটিকা |
| স্থান | বিপিআই সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | সংযুক্তি ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **<u>বিগত সভার কার্যবিবরণীর সংশোধনী</u>**<br><br>সভার প্রারম্ভে গত জুন মাসের সমন্বয় সভার কার্যবিবরণীতে কোনোরূপ সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা জানতে চাওয়া হলে পরিচালক জানান জুন ২০২২ মাসের কার্যবিবরণীর ২ নং সিদ্ধান্তের বাস্তবায়নকারী কর্মকর্তা উপপরিচালক এর স্থলে পরিচালক হবে । | জুন ২০২২ মাসের কার্যবিবরণীর ২ নং সিদ্ধান্তের বাস্তবায়নকারী কর্মকর্তা উপপরিচালক এর স্থলে পরিচালক সংশোধনপূর্বক সংরক্ষন করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। সহকারী পরিচালক, প্রশাসন শাখা |

| | | | |
|---|---|---|---|
| ২। | **<u>বিপিআই- এর বিভিন্ন মাসিক বিল প্রদান</u>**<br><br>সভায় জুলাই, ২০২২ মাসের বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিল যথাসময়ে পরিশোধ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | যথাসময়ে বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন, পানি, Wifi ইত্যাদি বিলসমূহ পরিশোধের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক<br><br>২। সহকারী পরিচালক, হিসাব শাখা |
| ৩। | **<u>প্রশাসন শাখার মাসিক ও পাক্ষিক প্রতিবেদন প্রেরণ</u>**<br><br>সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে চাহিত তথ্যাদি ও প্রশাসনিক বিবিধ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে জানতে চাওয়া হয়। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন) সভাকে জানান, জুলাই মাসের মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হয়েছে এবং সকল প্রাপ্ত চিঠি নিষ্পত্তি করা হয়েছে। যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | যথাসময়ে প্রতিবেদন ও পত্র নিষ্পত্তির ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশাসন শাখা |
| ৪। | **<u>হিসাব শাখার যাবতীয় কার্যক্রম</u>**<br><br>সভায় হিসাব শাখার পেন্ডিং প্রতিবেদন বিষয়ে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জনাব মোঃ রুবেল হোসেন সভাকে জানান, হিসাব শাখার জুলাই মাসের মাসিক ও পাক্ষিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । যথাসময়ে প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি মহোদয় এ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | আর্থিক প্রতিবেদনসমূহ যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করার ধারা অব্যাহত রাখতে হবে। | ১। সহকারী পরিচালক, হিসাব শাখা। |
| ৫। | **<u>৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধি প্রাপ্তির অগ্রগতি</u>**<br><br>সভায় বিগত সমন্বয় সভায় উত্থাপিত ৯ম গ্রেডে সরাসরি নিয়োগপ্রাপ্ত হওয়ায় একটি অগ্রিম বেতন বৃদ্ধির অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে সহকারী পরিচালক (হিসাব শাখা) জনাব মোঃ রুবেল হোসেন জানান অর্থ বিভাগের প্রশাসনিক কর্মকর্তা এ সংক্রান্ত অতিরিক্ত একটি ডকুমেন্ট জমা দেয়ার জন্য অনুরোধ করেছেন যা তিনি ৪ আগস্ট ২০২২ তারিখে জমা দিবেন। নথিটির অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করার নির্দেশনা প্রদান করেন। | অর্থ বিভাগে নিয়মিত যোগাযোগের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। সহকারী পরিচালক (হিসাব শাখা) |

| | | | |
|---|---|---|---|
| ৬। | **<u>বিপিআই-এর শূন্যপদে নিয়োগ সংক্রান্ত।</u>**<br><br>বিপিআই এর শূন্য পদে কর্মকর্তা নিয়োগ সংক্রান্ত কাজের অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে পরিচালক (প্রঃ ও প্রঃ) জানান শূন্য পদের নিয়োগ বিজ্ঞপ্তি গত ৭ জুলাই ২০২২ তারিখে ২টি বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশ করা হয়েছে এবং শূন্য পদে কর্মকর্তা নিয়োগের জন্য আবেদনপত্র গ্রহণ অব্যাহত রয়েছে। | এ সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় অবহিত করতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) |
| ৭। | **<u>প্রশিক্ষণ শাখার যাবতীয় কার্যক্রম</u>**<br><br>সভায় জুলাই মাসে অনুষ্ঠিত প্রশিক্ষণ কার্যক্রম এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (জনাব মোঃ সাহিদুজ্জামান) জানান, বিপিআই-এ জুলাই, ২০২২ মাসে ১টি প্রশিক্ষণ সফলভাবে আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ/কর্মশালায় মোট ১১ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। সভাপতি মহোদয় প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন। | অনুরোধের প্রশিক্ষণ/কর্মশালা সহ প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী সকল প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিতভাবে পরিচালনার এ ধারা অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা<br><br>৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ) |
| ৮। | **<u>সকল কর্মকর্তার দাপ্তরিক কাজ সম্পাদনের নিমিত্ত ডেস্কটপ কম্পিউটার ক্রয় এর অগ্রগতি</u>**<br><br>বিপিআই এর সকল কর্মকর্তার দাপ্তরিক কাজ সম্পাদনের নিমিত্ত ডেস্কটপ কম্পিউটার ক্রয় এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান ৭ টি ডেস্কটপ ও ১ টি ল্যাপটপ কম্পিউটার ক্রয় করা হয়েছে এবং সকল কম্পিউটার কর্মকর্তাদের মধ্যে বিতরণ করা হয়েছে। | কম্পিউটার ক্রয় এবং সকল কম্পিউটার কর্মকর্তাদের মধ্যে বিতরণ করার জন্য সভাপতি ধন্যবাদ জ্ঞাপন করেন। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (ভান্ডার) |

| | | | |
|---|---|---|---|
| ৯। | **<u>বর্তমান বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়</u>**<br><br>সভায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এর অগ্রগতি সম্পর্কে জানতে চাওয়া হলে সংশ্লিষ্ট কর্মকর্তা জানান বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সচেতনতা বৃদ্ধিতে ইতোমধ্যে বিভিন্ন শখায় নির্দেশনা প্রদান করা হয়েছে এবং নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে। প্রতি সপ্তাহের ১ম কর্মদিবস রবিবারে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় সম্পর্কিত প্রতিবেদন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ অব্যাহত রয়েছে। | বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় এর অগ্রগতি সম্পর্কে সভাপতি সন্তোষ প্রকাশ করেন। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে নিয়মিত পর্যবেক্ষণ অব্যাহত রাখতে হবে। | ১। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)<br><br>২। বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশাসন শাখা) |

৩।সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৩.০৬.০০১.১৭.১২৯

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯
০৮ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
২) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৬) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৭) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৮) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৯) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১০) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১১) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১২) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা প্রসেসিং,আইটি এন্ড ব্যুরো সার্ভিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
১৩) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)